যে দিন ফুটল কমল কিছুই জানি নাই
আমি ছিলেম অন্যমনে ।
আমার সাজিয়ে সাজি তারে আনি নাই
সে যে রইল সংগোপনে ॥
মাঝে মাঝে হিয়া আকুলপ্রায়,
স্বপন দেখে চমকে উঠে চায়,
মন্দ মধুর গন্ধ আসে হায়
কোথায় দখিন-সমীরণে ॥
ওগো সেই সুগন্ধে ফিরায় উদাসিয়া
আমায় দেশে দেশান্তে ।
যেন সন্ধানে তার উঠে নিশ্বাসিয়া
ভুবন নবীন বসন্তে ।
কে জানিত দূরে তো নেই সে,
আমারি গো আমারি সেই যে,
এ মাধুরী ফুটেছে হায় রে
আমার হৃদয়-উপবনে ॥

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Bahaar-Pancham
Visit www.geetabitan.com for notation and other detail